Law Chamber Management System (LCMS) সফ্টওয়্যার ব্যবহারের শর্তাবলী –

Law Chamber Management System (LCMS)

<u>সফ্টওয়্যার ব্যবহারের শর্তাবলী -</u>

Law Chamber Management System (LCMS) এর সেবা গ্রহনের বিষয়ে Siddique Enterprise Limited (SEL) এবং ব্যবহারকারীর জন্য প্রযোজ্য শর্তাবলী -

১. সংজ্ঞাঃ শর্তাবলীতে ব্যবহৃত কতিপয় শব্দ নিম্নরূপ অর্থ বহন করে-

১.১. SEL বলতে Siddique Enterprise Limited কে বোঝাবে যা কোম্পানী আইন ১৯৯৪ এর আওতায় রেজিস্ট্রিকৃত, যার নিবন্ধন নম্বর C-106332/12, তারিখ: ২৪/১২/২০১২, রেজিস্টার্ড ঠিকানা: ১৭৩/বি, আরামবাগ, মতিঝিল, ঢাকা; বর্তমান অফিস ঠিকানা: ২৮/জি/১ (গাউছে পাক বিপনী বিতান, ৫ম তলা), টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা, যা পরবর্তীতে SEL/ কোম্পানী/ সেবা প্রদানকারী নামে অভিহিত হবে।

১.২. LCMS বলতে Law Chamber Management System (LCMS) নামক ওয়েব ভিত্তিক সফ্টওয়্যার কে বোঝাবে যা SEL কর্তৃক উদ্ভাবিত ও প্রস্তুতকৃত, যা Law Chamber Management System নামক মামলা ও ল' চেম্বার ব্যবস্থাপনা বিষয়ক ওয়েব এপ্লিকেশন এবং BD Law Reference (BLR) নামক Case Reference এর ওয়েব ভিত্তিক সেবা এবং আইন ও মামলা সংক্রান্ত প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াবলীর সমন্বয়ে গঠিত, যা বর্তমানে www.lcmsbd.com, www.lcmsbd.net ও www.bdlawreference.com ডোমেইন/ ওয়েবসাইট এবং মোবাইল App এর মাধ্যমে পরিচালন/ প্রকাশিত হচ্ছে এবং ভবিষ্যতে প্রয়োজনে অন্য এক বা একাধিক ডোমেইন/ ওয়েবসাইট/ মোবাইল App এর মাধ্যমে চলমান থাকবে, যা সুপ্রীমকোর্ট কর্তৃক অনুমোদিত Law Chamber Management System, মামলার রেফারেন্স/ ডিসিশন ও আইন সংক্রান্ত অন্যান্য বিষয়াদি অন্তর্ভুক্ত করে পরিচালিত বাংলাদেশের সর্বপ্রথম সফ্টওয়্যার, যার কপিরাইট SEL এর অনুকূলে নিবন্ধিত, যা পরবর্তীতে LCMS নামে অভিহিত হবে।

১.৩. ব্যবহারকারী (User) বলতে LCMS এর সেবা গ্রহনের উদ্দেশ্যে SEL কর্তৃক নির্ধারিত ফী/ চার্জ প্রদান করে অথবা না করে এবং উল্লেখিত সকল শর্তে নির্দিষ্ট মেয়াদের জন্য নিবন্ধিত ব্যক্তি বা প্রতিষ্ঠান'কে বোঝাবে, যা পরবর্তীতে ব্যবহারকারী নামে অভিহিত হবে।

২. শর্তঃ

২.১. www.lcmsbd.com এবং অথবা www.lcmsbd.net এবং অথবা www.bdlawreference.com এবং অথবা সার্ভিসের সুবিধার্থে এক বা একাধিক ওয়েবসাইট/ ওয়েব এপ্লিকেশনের মাধ্যমে প্রদত্ত LCMS এর সেবা গ্রহনের বিষয়ে উল্লেখিত সকল শর্ত মেনে ব্যবহারকারী সম্মতি প্রদান করলেন।

২.২. প্রিন্টেড LCMS User Registration/ Subscription Form এ সকল শর্ত মেনে স্বাক্ষর প্রদান এবং অথবা অনলাইনে LCMS User Registration/ Subscription Form পূরণ এবং সকল শর্ত অবগত হয়ে ও মেনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্নকরনের মাধ্যমে ব্যবহারকারী LCMS এর সেবা গ্রহনে সম্মতি প্রদান করলেন।

২.৩. অনলাইন রেজিস্ট্রেশন ফরম Submit করা হলে, তা শারীরিকভাবে উপস্থিত হয়ে সকল শর্ত মেনে স্বাক্ষরের মতই ব্যবহারকারী LCMS ব্যবহারের অধিকার ও দায়ভার পাবেন।

২.৪. অত্র সেবার মেয়াদ নির্দিষ্ট সময় পর্যন্ত বলবৎ থাকবে; পরবর্তী মেয়াদের জন্য নবায়নযোগ্য সেবাটি নবায়ন করা হলে উল্লেখিত শর্তাবলী বর্ধিত সময়ের জন্যও প্রযোজ্য হবে।

২.৫. এখানে উল্লেখিত শর্তাবলী ছাড়াও সাবস্ক্রিপশনের নির্ধারিত মেয়াদের মধ্যে পরিবর্তিত বা সংযোজিত শর্তও ব্যবহারকারীদের জন্য প্রযোজ্য হবে।

২.৬. SEL কর্তৃক নির্ধারিত সাবস্ক্রিপশন ফী/ নবায়ন ফী এবং প্রযোজ্য অন্যান্য চার্জ পরিশোধ সাপেক্ষে নির্ধারিত সময়ের জন্য LCMS এর সেবা প্রদান কার্যকর হবে।

৩. LCMS এর মাধ্যমে প্রদত্ত সেবাঃ

৩.১. LCMS এর মাধ্যমে SEL অনলাইন/ ওয়েব ভিত্তিক সফ্টওয়্যার Law Chamber Management System এবং BD Law Reference (BLR) নামক Case Reference এর অনলাইন/ ওয়েব ভিত্তিক সেবা আইন ও মামলা সংক্রান্ত প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াবলীসহ (সমন্বিতভাবে) প্রদান করবে।

৩.২. ব্যবহারকারীগণ এতদ্বারা সীমিত আকারে অ-হস্তান্তরযোগ্য LCMS এর সেবা গ্রহনের নিম্নরূপ অধিকার লাভ করল-

৩.২.১. LCMS এর নির্দিষ্ট পদ্ধতিতে ব্যবহারকারীর নিজ মামলা ও চেম্বারের সুষ্ঠু ব্যবস্থাপনার উদ্দেশ্যে নানাবিধ তথ্য সংরক্ষন, রক্ষনাবেক্ষন, প্রদর্শন, হালনাগাদ করন, সার্চ করা, ফলাফল প্রিন্ট করা ইত্যাদি কার্যাবলী সম্পাদন;

৩.২.২. BD Law Reference (BLR) এ মামলার কয়েক হাজার রিপোর্টেড জাজমেন্ট ও লক্ষাধিক Reference খুঁজে বের করা, অভ্যন্তরীনভাবে প্রদর্শন এবং সীমিত আকারে প্রিন্ট সুবিধা গ্রহন;

৩.২.৩. নমুনা হিসাবে গ্রহনের জন্য সিনিয়র ও বিজ্ঞ আইনজীবীগনের প্রস্তুতকৃত/ পরিচালিত উচ্চ ও নিম্ন আদালতের (ট্রাইবুনাল ও লেবারকোর্ট সহ) বিভিন্ন টাইপের প্রায় তিন সহস্রাধিক মামলার পিটিশন ও ডকুমেন্ট এর কপি হতে কাঙ্খিত নমুনা খুঁজে বের করা ও অভ্যন্তরীনভাবে ব্যবহার করা;

৩.২.৪. LCMS এ অন্তর্ভূক্ত কোন জাজমেন্ট/ রেফারেন্স এর অংশ বিশেষ অনুচ্ছেদ নং ৬.২ এর শর্ত সাপেক্ষে স্বাভাবিক প্রক্রিয়ায় কপি করত: তা উদ্ধৃতি হিসাবে ব্যবহার,

৩.২.৫. ভবিষ্যতে SEL কর্তৃক LCMS এর নতুনভাবে অন্তর্ভুক্ত প্রাসঙ্গিক যে কোনো মডিউল ব্যবহার;

৩.৩. শর্ত থাকে যে, যে কোনো বিষয়/ মডিউল সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিবর্ধনের অধিকার SEL কর্তৃক সংরক্ষিত।

৪. নবায়নঃ

৪.১. ব্যবহারকারী তার LCMS রেজিস্ট্রেশনের মেয়াদ পূর্তির পূর্বেই SEL কর্তৃক নির্ধারিত নবায়ন ফী ও প্রযোজ্য অন্যান্য চার্জ প্রদান পূর্বক সেবা নবায়নের জন্য অনুরোধ করবেন।

৪.২. মেয়াদোত্তীর্ণ হলে সেবাটি আপনা-আপনি বন্ধ/ বাতিল হয়ে যাবে।

৫. সেবা বাতিলকরণঃ

৫.১. শর্তাবলীতে উল্লেখিত কোনো শর্ত ভঙ্গের জন্য ব্যবহারকারীর অনুকূলে প্রদত্ত LCMS এর সেবা কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার অধিকার SEL সংরক্ষন করে।

৫.২. কোন কারন দর্শানো ব্যতিরেকে SEL ব্যবহারকারীর সেবা সাময়িকভাবে স্থগিত অথবা বাতিল করার অধিকার সংরক্ষন করে।

৫.৩ নির্ধারিত সময়ের মধ্যে ব্যবহারকারী কর্তৃক LCMS এর বিল পরিশোধ না করা হলে সেবাটি ব্যবহারকারীর পক্ষ থেকে স্থগিত/ বাতিল করা হয়েছে মর্মে গণ্য হবে।এরূপ সেবা স্থগিত/ বাতিলের ক্ষেত্রে SEL কোনভাবেই দায়ী থাকবেনা।

৫.৪. ব্যবহারকারী প্রয়োজনে মেয়াদ বলবৎ থাকা অবস্থায় LCMS থেকে তার প্রয়োজনীয় তথ্যের কপি সংরক্ষন করবেন। মেয়াদোত্তীর্ণ/ স্থগিত/ বাতিলকৃত/ বন্ধ সেবার ক্ষেত্রে ব্যবহারকারীর সুবিধার্থে তার এন্ট্রিকৃত ডাটা/ তথ্য পরবর্তী এক বছর পর্যন্ত SEL এর নিকট সংরক্ষিত থাকবে। তবে, এক বছর পর ব্যবহারকারীর সকল তথ্য LCMS এর ডাটাবেজ হতে সম্পূর্ণরূপে মুছে যাবে।

৬. সেবার/ ব্যবহারের সীমাবদ্ধতাঃ

৬.১. সফ্টওয়্যার/ ওয়েব এপ্লিকেশন/ এ্যাপ এ প্রদত্ত বিষয়বস্তু ব্যবহারকারী শুধুমাত্র ব্যক্তিগত/ প্রাতিষ্ঠানিক পেশাগত প্রয়োজনে ব্যবহার করতে পারবেন। এতদ্ব্যতীত বানিজ্যিকভাবে বা অন্য কোন উদ্দেশ্যে এর ব্যবহার নিষিদ্ধ।

৬.২. SEL এর লিখিত পূর্বানুমতি ব্যতীত ব্যবহারকারী কোন ধরনের রোবট, স্পাইডার, অটোমেটিক ডিভাইস অথবা ম্যানুয়েল কোন প্রক্রিয়ায় LCMS সফ্টওয়্যার/ ওয়েব এপ্লিকেশন/ এ্যাপ বা ব্যবহারকারীর জন্য অনুমোদিত নয় এমন কোন কনটেন্ট কপি করবেন না বা কনটেন্ট ডাউনলোড করত: তা আর্কাইভ আকারে সংরক্ষন করবেন না।

৬.৩. ব্যবহারকারী LCMS এর কোন বিষয়বস্তুর পরিবর্তন, সংযোজন, অনুলিপি, বিতরণ, প্রদর্শন, সঞ্চালন, পূণঃপ্রকাশ, হস্তান্তর, বিক্রয় অথবা অন্য কোন সফটওয়্যারে ডাটা প্রতিস্থাপন করবেন না।

৬.৪. ব্যবহারকারী LCMS এর নির্দিষ্ট পদ্ধতিতে শুধুমাত্র নিজ মামলা ও চেম্বার ব্যবস্থাপনা বিষয়ক নিজের এন্ট্রি করা তথ্যাদি যথেচ্ছা ব্যবহার করতে পারবেন।

৭. সেবার মূল্যঃ

৭.১. SEL কর্তৃক সময়ে সময়ে ঘোষিত মূল্য অনুযায়ী ব্যবহারকারী সেবার মূল্য/ নবায়ন ফী ইত্যাদি চাহিবা মাত্র প্রদান করবেন।

৭.২. SEL নিজস্ব বিবেচনায় সেবার মূল্য ও অন্যান্য প্রযোজ্য চার্জ নির্ধারণ করবে; তবে পুনঃনির্ধারিত মূল্য পরবর্তী মেয়াদে কার্যকর হবে।

৭.৩. LCMS এর সফ্টওয়্যার আপডেট করা হলে, কোন তথ্য হালনাগাদ করা হলে বা নতুন বিষয় অন্তর্ভুক্ত করা হলে তার জন্য বিদ্যমান মেয়াদের মধ্যে বর্ধিত মূল্য/ ফী নির্ধারণ করা হবে না।

৭.৪. ব্যবহারকারী যে কোনো সময়ে সেবা স্থগিত/ বাতিল করতে পারবেন; তবে, সেবা গ্রহনের জন্য প্রদত্ত মূল্য, সাবস্ক্রিপশন ফী, চার্জ ফেরত পাবেন না।

৭.৫. ব্যবহারকারী SEL এর অনুকূলে প্রদত্ত চেকের মাধ্যমে অথবা নগদে মূল্য/ ফী/ চার্জ পরিশোধ করতে পারবেন। চেকের ক্ষেত্রে নগদায়নের তারিখকে টাকা পরিশোধের তারিখ বলে গণ্য করা হবে। তবে, শর্ত থাকে যে, পরিশোধিত টাকা কোন অবস্থাতেই ফেরতযোগ্য নয়।

৭.৬. কোন স্থগিত/ বাতিলকৃত/ বন্ধ সেবা পুনঃচালুর ক্ষেত্রে নতুন ব্যবহারকারীর মতই প্রযোজ্য ফী/ চার্জ প্রদান করতে হবে।

৭.৭. প্রতিষ্ঠানের ক্ষেত্রে (Multi-user) ব্যবহারকারীর সংখ্যা বৃদ্ধির জন্য নির্ধারিত ফী/ বর্ধিত চার্জ প্রযোজ্য হবে।

৮. সেবার কনটেন্ট হালনাগাদ করন ও ভুলত্রুটি সংশোধনঃ

৮.১. ব্যবহারকারীদের পরামর্শ, SEL এর নিজস্ব বিবেচনা অথবা কোন ত্রুটি পরিলক্ষিত হওয়ার প্রেক্ষিতে সফ্টওয়্যারের প্রয়োজনীয় পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন হতে পারে।এতে করে ব্যবহারকারীগণ সেবা গ্রহনে সাময়িক অসুবিধা বোধ করতে পারেন।

৮.২. SEL কর্তৃক নির্ভুল তথ্য সরবরাহের প্রচেষ্টা অব্যাহত থাকবে। প্রদত্ত তথ্যের ব্যাপারে SEL কোন ধরণের গ্যারান্টি/ ওয়ারেন্টি প্রদান করেনা যে, LCMS এর সকল বিষয়বস্তু শতভাগ নির্ভুল ও যথার্থ, ভাইরাস এবং অন্যান্য ক্ষতিকর উপাদান থেকে সম্পূর্ণ মুক্ত।

৮.৩. LCMS এর যে কোনো বিষয়বস্তুতে যে কোনো রকমের প্রযুক্তিগত ভুল বা বানান/ ব্যাকরণগত ভুল বা অন্য কোন ধরনের ভুল থাকতে পারে।

৯. ব্যবহারকারীর দায়িত্বসমূহঃ

৯.১. SEL এর প্রয়োজন অনুসারে গ্রাহক যে কোনো সময়ে সেবার ব্যবহার থেকে বিরত থাকবেন।

৯.২. যে কোনো কারনে সেবায় ব্যাঘাত ঘটলে অথবা সাময়িকভাবে সেবা বিচ্ছিন্ন থাকলেও ব্যবহারকারী পরিশোধিত ফী ও চার্জ ফেরত চাইতে পারবেন না।

৯.৩. ব্যবহারকারীগণ LCMS এর কোন অনুমোদনবিহীন বা বেআইনি ব্যবহার দৃষ্টিগোচর হলে অথবা LCMS এ কোন অবৈধ বা অপরাধমূলক বিষয়বস্তু পরিলক্ষিত হলে তা SEL কে তাৎক্ষনিক অবহিত করবেন।

৯.৪. আইডি ও পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষা করা ব্যবহারকারীর অবশ্য পালনীয়।পাসওয়ার্ড ভাগাভাগি করা কোন ভাবেই গ্রহনযোগ্য নয়। এরূপ ব্যবহারের ক্ষেত্রে সেবাটি বাতিল হতে পারে।

৯.৫. বারবার ভুল পাসওয়ার্ড ব্যবহার করে LCMS এ প্রবেশের চেষ্টা করা হলে, নিরাপত্তার স্বার্থে ব্যবহারকারীর আইডি স্বয়ংক্রিয়ভাবে Inactive/ Locked হয়ে যাবে। সেক্ষেত্রে, ব্যবহারকারী SEL এর সাথে যোগাযোগ পূর্বক পাসওয়ার্ড রিসেট করে নিবেন।

৯.৬. ব্যবহারকারী তার তথ্যের নিরাপত্তার প্রয়োজনে সময়ে সময়ে পাসওয়ার্ড পরিবর্তন করে নিবেন।

৯.৭. SEL এর লিখিত অনুমতি ব্যতিরেকে কোনো ব্যবহারকারী তার সেবার অধিকার অন্য কোন ব্যক্তিকে প্রদান করতে পারবে না।

৯.৮. ওয়েবসাইটে প্রদত্ত রায় ও অন্যান্য বিষয়াদি ব্যবহারের পূর্বে সার্টিফাইড কপি বা রেফারেন্স বই এর সাথে মিলিয়ে অথবা অন্য কোন গ্রহনযোগ্য সূত্রের সাথে মিলিয়ে ব্যবহারকারী উহার সঠিকতা ও যথার্থতা যাচাই করে নিবেন।

৯.৯. ব্যবহারকারী মাসে কমপক্ষে একবার LCMS এর ওয়েবসাইটে চেক করে ওয়েবসাইটের আপডেট অথবা নিয়মাবলী এবং শর্তাবলী সম্পর্কে নিজেকে অবগত রাখবেন। শর্তাবলী পরিবর্তন হলে ব্যবহারকারীকে আলাদাভাবে কোন নোটিশ দেওয়া হবে না।

১০. SEL এর অধিকার ও দায়সমূহঃ

১০.১. LCMS এর মাধ্যমে সঠিক তথ্যাবলী প্রদানের জন্য SEL প্রয়োজনীয় প্রচেষ্টা অব্যাহত রাখবে; কিন্তু এর যথার্থতা, পর্যাপ্ততা, নির্ভুলতা, বৈধতা বা স্থায়ীত্বের কোন গ্যারান্টি বা ওয়ারেন্টি প্রদান করে না।

১০.২. SEL নিম্নলিখিত কারন সমূহে ব্যবহারকারীর যে কোন প্রকার ক্ষতির, অসুবিধার, বাধার, ইলেক্ট্রনিক ডিভাইস ক্ষতিগ্রস্থ বা সেবার ক্ষতি হলে তার জন্য দায়ী থাকবেনা -

১০.২.১. LCMS এর মাধ্যমে প্রদত্ত সেবার যথাযথ এবং পূর্ণ কার্যকারিতা নিশ্চিতকরনের লক্ষ্যে SEL যে কোনো সময়ে যে কোনো সেবার পরিবর্তন, পরিবর্ধন করলে।

১০.২.২. LCMS এর সফ্টওয়্যার সিস্টেম পুরোনো হলে সিস্টেম উন্নীতকরনের সময়, অথবা সার্ভার পরিবর্তনের সময়, অথবা ইন্টারনেট সংযোগে বিঘ্ন ঘটলে অথবা কোন যান্ত্রিক ত্রুটির কারনে অথবা নিয়ন্ত্রন বহির্ভূত যে কোনো কারনে সেবা বাধাপ্রাপ্ত বা বন্ধ হলে।

১০.২.৩. LCMS এর কোন অংশ স্বাভাবিক কার্যক্রমে ব্যর্থ হলে, সেবা প্রদানে কোন ত্রুটি দেখা গেলে তা সংশোধনের জন্য সেবা সাময়িকভাবে বন্ধ করা হলে।

১০.২.৪. ব্যবহারকারীর ইলেক্ট্রনিক ডিভাইস, যেমন- কম্পিউটার, মোবাইল, ট্যাব ইত্যাদির কোনরূপ ভাইরাস আক্রমন, সফ্টওয়্যার জনিত বা যান্ত্রিক ত্রুটি/ ক্ষতির সম্মুখীন হলে।

১০.২.৫. LCMS এর সেবা গ্রহনের ফলে ব্যবহারকারীর কোন আকস্মিক ক্ষতি, আর্থিক ক্ষতি, সামাজিক ক্ষতি, সুনাম ক্ষতি অথবা অন্য কোন প্রত্যক্ষ বা পরোক্ষ কারনে ব্যবহারকারী বা অন্য কেউ ক্ষতিগ্রস্থ হলে।

১০.২.৬. ব্যবহারকারী বা তার অনুমোদিত কোন তৃতীয় পক্ষ LCMS এর সেবা ব্যবহারপূর্বক কোন অবৈধ কাজ করলে, ব্যবহারকারীর ডাটা/ তথ্যের কোন ক্ষতি করলে বা কপিরাইট এর নিয়ম ভঙ্গ করলে।

১০.৩. SEL যেকোন সময়ে অধিকার সংরক্ষন করে -

১০.৩.১. যে কোনো কারনে ব্যবহারকারীর সেবা স্থগিত, সাময়িকভাবে বন্ধ বা বাতিল করার।

১০.৩.২. কোনো নোটিশ প্রদান ছাড়াই যে কোনো শর্তের উন্নয়ন, সংযোজন বা বিয়োজন করার।

১০.৩.৩. কোনো ব্যবহারকারীর নির্দিষ্ট কোন সেবার ব্যবহারে বাধা/ স্থগিত প্রদান করার।

১০.৩.৪. SEL অনুচ্ছেদ ১০.৩ এ বর্ণিত অধিকার বাস্তবায়নের জন্য কোনো ব্যবহারকারীর নিকট কোনভাবেই দায়ী থাকবেনা।

১০.৪. ব্যবহারকারী এই মর্মে সম্মত আছে যে, LCMS এর সেবা ব্যবহার করে ব্যবহারকারীর নিম্নোক্ত অথবা অন্য কোন কাজের প্রেক্ষিতে তৃতীয় পক্ষের কোন ক্ষতি হলে তার জন্য SEL এর বিপক্ষে তৃতীয় পক্ষের যে কোনো দাবী, মামলা, ক্ষয়-ক্ষতির হাত থেকে SEL কে মুক্ত রাখবে –

১০.৪.১. ব্যবহারকারীর কোন কাজ করা বা না করার জন্য, অথবা

১০.৪.২. শর্তাবলীর বিধানসমূহের আলোকে SEL কোন প্রকার কার্যক্রম গ্রহন করলে, অথবা

১০.৪.৩. কোন প্রকার ক্ষতির, দাবীর অথবা মামলার সম্মুখীন হলে।

১০.৫. সকল ব্যবহারকারী এই মর্মে অবগত আছেন যে, ইনফরমেশন ও টেলিকমিউনিকেশন ইন্ডাস্ট্রিতে সেবায় বিঘ্ন ঘটা অবধারিত একটি বিষয়, যেহেতু কিছু পরিস্থিতি সেবা প্রদানকারীর নিয়ন্ত্রনের বাহিরে থাকে এবং এর ফলে ঘটিত ক্ষতির সুনির্দিষ্ট সময় ও পরিমান নির্নয় করা কষ্টসাধ্য। সেবায় বিঘ্নের ক্ষেত্রে, SEL যত দ্রুত সম্ভব সেবাকে সর্বোচ্চ মানে ফিরিয়ে আনার সর্বাত্মক চেষ্টা করবে।তবে, মুছে যাওয়া ডাটা পুনরুদ্ধারের কোন নিশ্চয়তা দেয় না।

১০.৬. নিয়ন্ত্রন বহির্ভূত কোন বাধ্যকর পরিস্থিতির কারনে, অথবা অন্য কোন কারনে SELযদি কাঙ্খিত সেবা প্রদানে ব্যর্থ হয় এবং SEL সেবা প্রদানে ব্যর্থ হওয়ার ফলে ব্যবহারকারী যদি কোনো প্রকার ক্ষতির সম্মুখীন হয় তবে তার জন্য SEL ব্যবহারকারীর নিকট কোন ভাবেই দায়ী থাকবে না।

১০.৭. LCMS এ সিনিয়র ও বিজ্ঞ আইনজীবীগণের প্রস্তুতকৃত/ পরিচালিত উচ্চ ও নিম্ন আদালতের (ট্রাইবুনাল ও লেবারকোর্ট সহ) বিভিন্ন টাইপের প্রায় তিন সহস্রাধিক মামলার পিটিশন ও ডকুমেন্টের কপি এবং Reference সহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। SEL শুধুমাত্র উক্ত বিষয়াদি LCMS এ অন্তর্ভুক্তির জন্য অনুমতি প্রাপ্ত; কিন্তু তার কোন যথার্থতা, নির্ভুলতা, গুনগত মান নিশ্চিত করেনা।

১০.৮. LCMS এর কিছু বিষয় বাংলাদেশ সুপ্রীমকোর্ট এর ওয়েবসাইটে প্রদত্ত তথ্যের ভিত্তিতে আপডেট করা হয়।কখনও কোন কারনে SEL কর্তৃক যথাসময়ে LCMS আপডেট না করা হলে তথ্যের কিছুটা গরমিল হতে পারে। অতএব ব্যবহারকারীকে প্রাসঙ্গিক বিষয় সমূহ সুপ্রীমকোর্টের ওয়েবসাইটে প্রদর্শিত তথ্যের সাথে অথবা যথাযথ সূত্রের সাথে মিলিয়ে নিতে হবে।

১০.৯. LCMS ব্যবহারের ফলে ব্যবহারকারীর উদ্ভূত কোন ক্ষতি, পরিস্থিতি, মামলা ইত্যাদির দায় SEL গ্রহন করবে না।

১০.১০. LCMS ওয়েবসাইটে বিজ্ঞাপন এবং স্পন্সরশীপ থাকতে পারে। বিজ্ঞাপনদাতা এবং পৃষ্ঠপোষকগণ সম্পূর্ণ তাদের নিজ দায়িত্বে ওয়েবসাইটে তাদের দেওয়া উপাদান/ সামগ্রীর বিষয়ে প্রচলিত আইন-কানুন অনুসরণ করবেন। বিজ্ঞাপন এবং স্পন্সরশীপে প্রদত্ত উপাদানের (Content এর) বৈধতা এবং কোন ভুল ভ্রান্তির জন্য SEL দায়ী থাকবে না।

১০.১১. LCMS এ অন্য কোন দেশী/ বিদেশী প্রতিষ্ঠানের ওয়েবসাইট এর লিংক থাকতে পারে বা ওয়েবসাইটের কনটেন্ট/ ডাটা সম্মতিক্রমে (ব্যবহারকারীর ব্যক্তিগত ডাটা নয়) Application Programming Interface (*API*) এর মাধ্যমে ব্যবহার/ বিনিময় করা হতে পারে; সে ক্ষেত্রে SEL ঐ কনটেন্ট বা ডাটার যথার্থতা, নির্ভুলতা, গুনগত মান নিশ্চিত করেনা এবং কোন ভুল-ভ্রান্তির জন্য SEL দায়ী থাকবেনা।

১০.১২. আদালত বা আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান/ সংস্থা কর্তৃক আদিষ্ট না হলে, LCMS এ রক্ষিত ব্যবহারকারীর ইনপুট দেওয়া মামলা ও চেম্বার ব্যবস্থাপনা বিষয়ক বা ব্যক্তিগত কোন তথ্য-উপাত্ত ব্যবহারকারীর লিখিত সম্মতি ব্যতিরেকে SEL কোন তৃতীয় পক্ষের নিকট হস্তান্তর বা প্রদর্শন করবে না বা নিজস্ব প্রয়োজনেও ব্যবহার করবে না।

১০.১৩. LCMS ব্যবহারকারীর তথ্যের গোপনীয়তা রক্ষার বিষয়ে SEL অঙ্গিকারাবদ্ধ। ওয়েবসাইট/ সার্ভার এ দুষ্কৃতিকারীদের হ্যাকিং জনিত কারনে সম্ভাব্য ক্ষতির দায় থেকে ব্যবহারকারী SEL কে মুক্ত রাখবে।

১০.১৪. শুধুমাত্র LCMS এর সেবার মেয়াদকালীন সময়ের কোন বিষয়ের জন্য মেয়াদ বলবৎ থাকা অবস্থায় SEL এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করা যাবে। মেয়াদোত্তীর্ণের পরে উত্থাপিত কোন অভিযোগ গ্রহনযোগ্য হবে না।

১০.১৫. LCMS ব্যবহারকারী কর্তৃক SEL এর বিরুদ্ধে কোন ক্ষতি পূরণের দাবী উত্থাপনের ক্ষেত্রে LCMS ব্যবহারের বিপরীতে ফী বাবদে ঐ মেয়াদে তার মোট পরিশোধিত অর্থের বেশী ক্ষতিপূরণ দাবী করবে না।

১০.১৬. SEL এর বিরুদ্ধে ব্যবহারকারী কর্তৃক আদালতে দায়েরকৃত কোন মামলা মিথ্যা/ হয়রানীমূলক প্রমাণীত হলে ব্যবহারকারী SEL কে উক্ত মামলার কারনে সকল ক্ষতিপূরন দিতে বাধ্য থাকবে।

১০.১৭. ব্যবহারকারী কর্তৃক LCMS এর যে কোনো অপব্যবহারের দায়ভার SEL বহন করবে না।

১১. নোটিশ প্রদানঃ

১১.১. শুধুমাত্র ঐ সকল নোটিশ সমূহ লিখিত আকারে ব্যবহারকারীর ঠিকানায় প্রেরণ করা হবে যে নোটিশসমূহ লিখিত আকারে প্রেরণ করা আইনত বাধ্যতামূলক। অন্যান্য নোটিশসমূহ LCMS এর মাধ্যমে, ব্যবহারকারীর ইমেইলে অথবা মোবাইল ফোনের মাধ্যমে অবহিত করা হবে।

১২. কপিরাইটঃ

১২.১. LCMS কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত।LCMS এর উপর একক এবং অনন্য অধিকার রয়েছে একমাত্র SEL এর।ব্যবহারকারী শুধুমাত্র শর্তসাপেক্ষে ওয়েবসাইটটি ব্যবহারের সীমিত অধিকার পাবেন।

১২.২. LCMS এ ব্যবহৃত কতিপয় বিষয়বস্তু, তথ্য-উপাত্ত বিভিন্ন উৎস হতে সংগৃহীত, যেমন- মামলার রায়, রেফারেন্স, পিটিশনের নমুনা, আর্টিক্যালস্ ইত্যাদি। উক্ত বিষয়বস্তুসমূহ প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের যথাযথ সম্মতি সাপেক্ষে LCMS এ ব্যবহার করা হয়েছে।

১৩. মামলা ও বিচারিক আদালতঃ

১৩.১. অত্র শর্তাবলী বাংলাদেশে প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসরণে প্রনয়ন করা হয়েছে। তৎসত্ত্বেও এর কোন অংশ/ শর্ত যদি দেশে বলবৎ কোন আইনের সাথে সাংঘর্ষিক হয় তবে, শর্তাবলীর যতটুকু সাংঘর্ষিক ঠিক ততটুকু বাতিল বলে গণ্য হবে।

১৩.২. অত্র শর্তাবলী হতে উদ্ভুত কোন মামলার ক্ষেত্রে বাংলাদেশের রাজধানী ঢাকায় অবস্থিত উপযুক্ত আদালতের অধীন বিচারকার্য অনুষ্ঠিত হবে এবং SEL ও ব্যবহারকারী উভয়ই উক্ত আদালতে মামলা রুজু করতে সম্মত আছেন মর্মে এতদ্বারা সম্মতি প্রদান করলেন।

১৪. LCMS এর সম্মানিত ব্যবহারকারী হিসাবে বাংলাদেশ সুপ্রীমকোর্টের উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গন ও রেজিস্ট্রার অফিসে কর্মরত জুডিসিয়াল অফিসার মহোদয়গণের ক্ষেত্রে কতিপয় শর্ত প্রযোজ্য হবে না।

১৫. বিবিধঃ

১৫.১. বর্ণিত শর্তাবলীর অর্থ নির্ধারণের ক্ষেত্রে SEL এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫.২. যে দায়িত্বের কথা অত্র শর্তাবলীতে পরিস্কারভাবে বর্ণনা করা হয়েছে তা ব্যতীত অন্য কোনো দায়-দায়িত্ব SEL এর উপর বর্তাবে না।

১৫.৩. সম্মানিত ব্যবহারকারী তার/ তাদের পরিচালিত গুরুত্বপূর্ণ অথবা ব্যতিক্রমধর্মী মামলার জাজমেন্ট LCMS/ BLR এ রিপোর্ট আকারে প্রকাশ করতে চাইলে (Voluntarily) জাজমেন্ট এর প্রিন্ট কপি বা সফ্ট কপি SEL বরাবরে হস্তান্তর করবেন অথবা LCMS সফ্টওয়্যার এর নির্দিষ্ট স্থানে আপলোড করে দিবেন; তবে জাজমেন্ট সম্পাদকের বিবেচনার ভিত্তিতে রিপোর্ট আকারে প্রকাশ হবে।

১৫.৪. রিপোর্ট আকারে প্রকাশের বিষয়ে সম্মানিত জাজমেন্ট প্রদানকারীগনের অবদানের কথা SEL ও সকল ব্যবহারকারী কৃতজ্ঞতা চিত্তে স্মরণ রাখবে।

১৫.৫. ব্যবহারকারীর ঠিকানা, মোবাইল নম্বর ও ইমেইল পরিবর্তন হলে তা তাৎক্ষনিকভাবে SEL কে লিখিতভাবে অবহিত করতে হবে।

....

স্বাক্ষর ও তারিখ

SIDDIQUE ENTERPRISE LTD.

Head Office: Gause Pak Biponi Bitan (4th Floor), 28/G/1, Toyenbee Circular Road, Motijheel, Dhaka-1000.
Court Office: Room# 45 & 60, Supreme Court Bar Association Building, Shahbagh, Dhaka, Bangladesh.
Mobile: 01771335577, Tel.- 02-9574778, Email: bdlawservice@gmail.com, Web: www.lcmsbd.com, www.bdlawreference.com